

## বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়ার উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত



গত ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল- অস্ট্রেলিয়ার উদ্যোগে সিডনিস্থ এ্যাশফিল্ড পোলিশ ক্লাবে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। ডা আব্দুল ওয়াহাব বকুলের

সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রাক্তন সাভাপতি বিএনপি অস্ট্রেলিয়া ও সাবেক যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, জনাব মনিরুল হক জর্জ।



সভায় সুভেচ্ছা বক্তব্য প্রদান করেন, ড. জাকির মজুমদার, সিঃ সহ সভাপতি, বিএনপি অস্ট্রেলিয়া; আব্দুল কাইয়ুম, সহ সভাপতি বিএনপি অস্ট্রেলিয়া; এডভোকেট মোবারক হোসেন, সাবেক সাধারণ সম্পাদক যুবদল, অস্ট্রেলিয়া; মোঃ আবুল হাছান, সভাপতি যুবদল অস্ট্রেলিয়া। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন জনাব রুহুল আহমেদ, সেলিম লকিয়াত, সিঃ সহসভাপতি যুবদল অস্ট্রেলিয়া, সাধারণ

সম্পাদক আব্দুল মতিন উজ্জল এবং সাংগঠনিক সম্পাদক মো মাছুদুর রহমান মাসুদ। আলোচনা সভাটি পরিচালনা করেন জনাব ফজলুল হক শফীক, সাধারণ সম্পাদক বিএনপি অস্ট্রেলিয়া।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে একটি আকর্ষণীয় সংগীত সন্ধ্যার আয়োজন করা হয়। বাংলাদেশের প্রখ্যাত শিল্পী যুগল, আবিদা সুলতানা ও রফিকুল আলম অনুষ্ঠানে গান পরিবেশন করেন। দর্শক পরিপূর্ণ হলে দুই শিল্পী তাদের গানের যাদুতে সবাইকে মুগ্ধ করে রাখেন।

